

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর  
রাজশাহী বিভাগীয় কার্যালয়  
[www.dncrp.gov.bd](http://www.dncrp.gov.bd)

স্মারক নং ২৬.০৪.৮১০০.৫০১.০৫.০০২.১৭- ১৮৪

তারিখ: ২৬ ডিসেম্বর ২০১৯

বিষয়: ২৫ নভেম্বর ২০১৯ ইং তারিখে অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার প্রতিবেদন/ কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, গত ২৫ নভেম্বর ২০১৯ তারিখে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রাজশাহী বিভাগীয় কার্যালয় কর্তৃক রাজশাহী বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগে অংশীজনের অংশগ্রহণে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ বিষয়ক একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রাজশাহী বিভাগীয় কার্যালয়ের সহকারি পরিচালক জনাব মোঃ হাসান-আল-মারুফ, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের সম্মানিত চেয়ারম্যান প্রফেসর ডঃ আব্দুল হাম্মান, আইন বিভাগের সম্মানিত শিক্ষক প্রফেসর ডঃ সাইদা আনজুসহ আইন বিভাগের প্রায় ২০০ ছাত্র-ছাত্রী উপস্থিত ছিলেন। উক্ত সভা পরিচালনা করেন আইন বিভাগের শিক্ষক প্রফেসর ডঃ সাইদা আনজু।

সহকারী পরিচালক সভায় অংশগ্রহণকারী সকল কে স্বাগত জানিয়ে ভোক্তা অধিকার ও ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ বিষয়ে আলোকপাত করেন এবং উপস্থিত সকলকে আলোচনায় অংশগ্রহণ ও মতামত প্রদানের জন্য আহ্বান জানান।

অংশীজনের সভায় ছাত্র-ছাত্রীরা ভোক্তা অধিকার লংঘনের বিভিন্ন দিক তুলে ধরেন এবং ভোক্তা অধিকারের বর্তমান অবস্থা, সমস্যা ও উত্তরণের উপায় নিয়ে তাদের সুচিত্তি মতামত প্রদান করেন। একই সাথে ভোক্তা অধিকার রক্ষায় ব্যাপক জনসচেতনতা সৃষ্টির বিষয়ে সকলে একমত গোষ্ঠে করেন।

- মতামতঃ (১) স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয় পর্যায়ে বেশি বেশি প্রচারণামূলক কার্যক্রম চালাতে হবে।  
(২) সামাজিক যোগাযোগসহ সকল মিডিয়াতে ব্যাপক পরিসরে ভোক্তা অধিকার বিরোধী তথ্যের সরবরাহ নিশ্চিত করতে হবে।  
(৩) সকল পণ্যের মোড়কে উৎপাদনের তারিখ, মেয়াদ উত্তীর্ণের তারিখ, খুচরা মূল্য ইত্যাদি উল্লেখ করতে হবে।  
(৪) স্থানীয় মিডিয়াতে বেশী বেশী প্রচারণা চালাতে হবে।  
(৫) স্বাস্থ্যকর, পরিষ্কার পরিবেশে পণ্য/ খাদ্য সামগ্রী উৎপাদন, প্রক্রিয়াকরণ ও সংরক্ষণ করতে হবে।

পরিশেষে সভাপতি সভাপতি সাফল্যমতিত করার জন্য উপস্থিত সকলকে আওতারিক ধন্যবাদ জানিয়ে সমাপ্তি ঘোষণা করেন।

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)  
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর  
ঢাকা।

নির্দেশক্রমে  
  
26-12-2019  
(মোঃ হাসান-আল-মারুফ)  
সহকারী পরিচালক  
ফোনঃ ০৭২১-৭৭৫৫২৯, ফ্যাক্সঃ ০৭২১-৭৭৫৪০৬  
ই মেইলঃ [ad-rajshahidiv@dncrp.gov.bd](mailto:ad-rajshahidiv@dncrp.gov.bd)

- অনুলিপি: সদয় অবগতির জন্য  
১। পরিচালক, কার্যক্রম, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।  
২। অফিস নথি।